খ) মধ্যযুগীয় বাংলাসাহিত্যের ইতিহাসে শাক্তপদকর্তা কমলাকান্ত ও রামপ্রসাদ সেনের অবদান নির্দেশ করো।

গ) মাত্রাবৃত্ত ছন্দ কাকে বলে? এই ছন্দকে অন্য কী কী নামে চিহ্নিত করা হয়? উদাহরণসহ এই ছন্দের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

ঘ) মাথুর কাকে বলে? এ পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? তোমার পাঠ্য একটি মাথুর পর্যায়ের পদের কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো।

---





# ২০১৯
# বাংলা

**(জেনেরিক ইলেকটিভ)**

**(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)**

**তৃতীয় সেমেস্টার**

**(BNGH-GE-T-I)**

**(বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ), ছন্দ, অলংকার ও বৈষ্ণব পদাবলী)**

পূর্ণমান : ৬০ সময় : ২$\frac{১}{২}$ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) চর্যাপদের পুঁথি কে আবিষ্কার করেন? চর্যাপদের সংস্কৃত টীকাকারের নাম কী?

খ) মধ্যযুগীয় বাংলা সাহিত্যের প্রথম নিদর্শন কোন্‌টি? এটির রচয়িতা কে?

গ) কবি মুকুন্দ চক্রবর্তীর উপাধি কী? তিনি কার পৃষ্ঠপোষকতায় চণ্ডীমঙ্গল রচনা করেন?

ঘ) বাৎসল্য রসের সংজ্ঞা দাও। একটি বাৎসল্য রসের পদের প্রথম পংক্তি লেখো।

*(পরের পাতায়)*

ঙ) ভণিতা কী? একটি দৃষ্টান্ত দাও।

চ) স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায় হে,

কে বাঁচিতে চায়?

— এটি কোন্ অলংকার তা বুঝিয়ে দাও।

ছ) যমক অলংকারের সংজ্ঞা লেখো এবং একটি দৃষ্টান্ত দাও।

জ) শ্লেষ অলংকারের সংজ্ঞাসহ উদাহরণ দাও।

ঝ) অক্ষরবৃত্ত ছন্দের মূল পর্ব সাধারণত কয় মাত্রাবিশিষ্ট হয়? এই ছন্দকে অন্য কী নামে ডাকা হয়?

ঞ) 'দ্বিতীয় বিদ্যাপতি' নামে কোন্ কবি পরিচিত? তাঁকে এ নামে চিহ্নিত করার কারণ কী?

ট) পর্ব বিভাজন করো :

ডাক্তারে যা বলে বলুক নাকো,

রাখো রাখো খুলে রাখো —

ঠ) দল কী এবং কয় প্রকার?

ড) 'কন্টকগাড়ি কমলসম পদতল' — পদটি কার লেখা, কোন্ পর্যায়ের পদ?

ঢ) 'লঙ্কার পঙ্কজ রবি গেলা অস্তাচলে' — এখানে কোন্ অলংকারের প্রয়োগ হয়েছে?

ণ) ঘনরাম চক্রবর্তী এবং বৃন্দাবন দাস — এই কবিদ্বয় রচিত কাব্যদুটির নাম লেখো।



২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) যে কোনো **দু'টি** অলংকার সম্বন্ধে পরিচিতি দাও ঃ

উপমা, বক্রোক্তি, অনুপ্রাস

খ) 'রাধার কি হইল অন্তরে ব্যথা' — পদটি কার লেখা, কোন্ পর্যায়ের পদ? পদটি অবলম্বনে রাধার ভাবান্তরের কারণ ব্যাখ্যা করো।

গ) "আমার শপতি লাগে" — পদটি কার লেখা? পদটিতে মাতৃহৃদয়ের ব্যাকুলতার যে চিত্রটি অঙ্কিত হয়েছে, তা নিজের ভাষায় লেখো।

ঘ) যে কোনো **একটি** বিষয় অবলম্বনে টীকা লেখো :

নারায়ণ দেব, বিদ্যাপতি

ঙ) কবি ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্যটিকে 'নতুন মঙ্গলগীত' বলার কারণ বিশ্লেষণ করো।

চ) ছন্দোলিপি নির্ণয় করো :

ক্ষুরধার পথ, দুর্গম দূরদেশে —

তীর্থযাত্রী খুঁজেছি ভাবচ্ছবি!

সঙ্গী করেছি দেশ বিদেশের কবি!

বিস্তারি পাখা ঘুরেছি দেশ বিদেশে।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) চর্যাপদের পুঁথি কে, কোথা থেকে, কত সালে আবিষ্কার করেন? বাংলা সাহিত্যের ইতিহাসে চর্যাপদের ঐতিহাসিক এবং সাহিত্যিক গুরুত্ব নির্দেশ করো। ২+৩+৫